

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.ird.gov.bd

বিষয় : বিভিন্ন আদালতে চলমান মামলার তথ্য ব্যবস্থাপনা সিস্টেম অবহিতকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি: সুরাইয়া পারভীন শেলী, যুগ্মসচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
স্থান : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ, কক্ষ নং-২২৫।
তারিখ : ২৮ মার্চ ২০২৩ খ্রি:
সময় : দুপুর ১২.৩০ ঘটিকা।
উপস্থিতি: সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-ক)।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার সরকার পক্ষে সঠিকভাবে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য বিভিন্ন আদালতে চলমান এ বিভাগ সংশ্লিষ্ট মামলার ডাটাবেজ সফটওয়্যারের গুরুত্ব সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন আইসিটি শাখা কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারটি ব্যবহারের মাধ্যমে বিভিন্ন আদালতে এ বিভাগ সংশ্লিষ্ট চলমান মামলাসমূহ মনিটরিং করা সহজ হবে। অতঃপর তিনি অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মো: সেলিম রেজাকে সফটওয়্যার সম্পর্কে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

- ২.০। এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মো: সেলিম রেজা বলেন, বিভিন্ন আদালতে চলমান অভ্যন্তরীণ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট মামলার ডাটাবেজ প্রস্তুতকরণের লক্ষ্যে আইসিটি শাখা কর্তৃক মামলার তথ্য ব্যবস্থাপনা সিস্টেম প্রস্তুত করা হয়েছে। তিনি উল্লেখ করেন সফটওয়্যারটি বর্তমানে শুধুমাত্র অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অভ্যন্তরে ব্যবহার করা যাবে। অতঃপর তিনি এ বিভাগের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারকে সফটওয়্যারটি প্রদর্শনের জন্য অনুরোধ জানান।
- ৩.০। এ বিভাগের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব মো: মঙ্গুল আলম সফটওয়্যারে লগইন করে সফটওয়্যারের হোমপেইজ ও বিভিন্ন মেনু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। তিনি “নতুন তথ্য সংযোজন” মেনু সম্পর্কে উপস্থাপন করেন যার মাধ্যমে কোনো মামলার তথ্য সফটওয়্যারে অর্তভূক্ত করা যাবে। “নতুন তথ্য সংযোজন” মেনুর সংশ্লিষ্ট ছক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও সফটওয়্যারে এন্ট্রি করে আলোচনা করেন মামলার হালনাগাদ তথ্য সফটওয়্যারে এন্ট্রি দেওয়ার জন্য “মামলার তথ্য হালনাগাদকরণ” মেনুতে অন্তর্ভুক্ত ছক সম্পর্কে বর্ণনা করেন। অতঃপর তিনি এ বিভাগের সহকারী প্রোগ্রামার জনাব মো: ফরহাদ খান পাঠানকে সফটওয়্যারের প্রতিবেদন সংক্রান্ত বিষয় সম্পর্কে বলার জন্য অনুরোধ জানান।
- ৪.০। এ বিভাগের সহকারী প্রোগ্রামার জনাব মো: ফরহাদ খান পাঠান মামলার তথ্য ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারের মামলার “প্রতিবেদন” মেনু বিস্তারিত আলোচনা করেন। সফটওয়্যারে অন্তর্ভূক্ত মামলার বর্তমান অবস্থা দেখার জন্য প্রতিবেদন মেনুর “মামলার বর্তমান অবস্থা” অপশনে যেতে হবে। উক্ত অপশনে ক্লিক করে আদালতের নাম, মামলার ধরণ ও মামলা নম্বর দিয়ে সার্চ করে মামলার সাধারণ তথ্য এবং হালনাগাদ তথ্য দেখা যাবে। “প্রতিবেদন” অপশনে আদালতভিত্তিক, মামলার ধরণভিত্তিক এবং আইনজীবিভিত্তিক প্রতিবেদন পাওয়া যাবে। কোন নির্দিষ্ট মামলার আইনিজীবির তথ্য এবং মন্ত্রণালয়ের মনিটরিং অফিসারের তথ্য “মামলার সংশ্লিষ্ট তথ্য” মেনুতে পাওয়া যাবে। এছাড়াও ড্যাশবোর্ডে সকল মামলার তথ্য, নিষ্পন্ন ও অনিষ্পন্ন মামলার তথ্য পাওয়া যাবে।
- ৫.০। বিভিন্ন আদালতে চলমান মামলার তথ্য ব্যবস্থাপনা সিস্টেম অবহিতকণের বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :
- (ক) সফটওয়্যারের “নতুন তথ্য সংযোজন” মেনুর সংশ্লিষ্ট ছকের “আদালতের নাম” ড্রপ ডাউনে “প্রশাসনিক ট্রাইবুনাল” এর পরিবর্তে “প্রশাসনিক ট্রাইবুনাল-১”, “প্রশাসনিক ট্রাইবুনাল-২” এবং “প্রশাসনিক ট্রাইবুনাল-৩” সংযুক্ত করতে হবে।

- (খ) “নতুন তথ্য সংযোজন” মেনুর সংশ্লিষ্ট ছকের “অভিযুক্তের নাম” এর পরিবর্তে “আবেদনকারীর নাম”
সংযুক্ত করতে হবে।
- (গ) “মামলার তথ্য হালনাগাদকরণ” মেনুর সংশ্লিষ্ট ছকের “কিসের জন্য ধার্য” ড্রপডাউনে “অন্যান্য” অপশন
সংযুক্ত করতে হবে।
- (ঘ) মামলার নতুন তথ্য সংযোজনে মামলা/আদেশের নোটিশ সংযোজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ৬.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে
সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

(সুরাইয়া পারভীন শেলী)
যুগ্মসচিব

স্মারক নং-০৮.০০.০০০০.০০০.৩৫.০০৮.১৯- ০৭

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯
৩০ মার্চ ২০২৩

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যোত্তার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা;
- ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
- ৩। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপিলাত ট্রাইবুনাল, ঢাকা;
- ৪। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইবুনাল, ঢাকা;
- ৫। যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা;
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
- ৭। উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
- ৮। সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
- ৯। সহকারী প্রোগ্রামার (সকল)/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
- ১০। প্রশাসনিক কর্মকর্তা (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
- ১১। ব্যক্তিগত কর্মকর্তা (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
- ১২। অফিস কগ্নি।

৩৮. সেলিম রেজা/
৩০. ০৬. ২০২৩/এ,
(মো: সেলিম রেজা)
সিস্টেম এনালিস্ট